

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১১.০০.০০.০৩৭.২০১১-৬৬০


তারিখঃ ০৭-০৯-১৪২১ বাং
২১-১২-২০১৪ খ্রিঃ

বিষয়ঃ প্রস্তাবিত রংপুর কমিউনিটি নার্সিং কলেজ, মেডিকেল পূর্বগেট, ধাপ, রংপুর-এ বেসিক বিএসসি নার্সিং কোর্স এবং পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্স চালুর অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ে তাঁর আবেদন এবং বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কলেজ/কোর্স চালুকরণ সংক্রান্ত এ মন্ত্রণালয়ে গঠিত নীতি নির্ধারণী কমিটির ১৮-১১-২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসরণে রংপুর কমিউনিটি নার্সিং কলেজ, মেডিকেল পূর্বগেট, ধাপ, রংপুর (নার্সিং ইনস্টিটিউটকে নার্সিং কলেজে উন্নীতকরনসহ) নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০১৪-২০১৫ শিক্ষা বর্ষ হতে বেসিক বিএসসি নার্সিং কোর্সে ৩০টি (ত্রিশ) এবং পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্সে ৩০টি (ত্রিশ) আসন বরাদ্দপূর্বক নার্সিং কলেজ ও শিক্ষার্থী ভর্তির সাময়িক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তাবলীঃ

১. নীতিমালা অনুযায়ী শিক্ষক-শিক্ষার্থী অনুপাত রক্ষার জন্য যথাযথ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন অধ্যাপক, সহকারী অধ্যাপক, ক্লিনিক্যাল ইনস্ট্রাক্টর বৃদ্ধি করতে হবে।
 ২. নার্সিং কলেজের শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধিসহ শিক্ষা উপকরণ বৃদ্ধি করতে হবে।
 ৩. সকল নিয়োগ লিখিত পত্র দ্বারা সম্পন্ন করতে হবে যাতে অবশ্যই চাকরির শর্তাবলি ও বেতন-স্কেল উল্লেখ থাকবে কোন ক্রমেই সরকারি বেতন কাঠামোর কম বেতন প্রদান করা যাবে না। নিয়োগপত্রের অনুলিপি বাংলাদেশ নার্সিং কাউন্সিলে প্রেরণ করতে হবে।
 ৪. শিক্ষার্থী ও শিক্ষকগণের অধ্যয়নের জন্য পাঠাগার সমৃদ্ধ করতে হবে এতে কারিকুলামভুক্ত পাঠ্যবই, দেশি-বিদেশি নার্সিং বিষয়ক বই, প্রয়োজনীয় অন্যান্য বই, সাময়িকী, জার্নাল, পত্রিকা ও আসবাবপত্র পর্যাপ্ত পরিমাণ বৃদ্ধি করতে হবে। ক্যাম্পাসে খেলাধুলা এবং সুষ্ঠু বিনোদনের ব্যবস্থা রাখতে হবে।
 ৫. প্রয়োজনীয় আসবাবপত্র দ্বারা সুসজ্জিত ক্লাসরুম নিশ্চিত করতে হবে।
 ৬. নার্সিং কলেজের জন্য প্রয়োজনীয় উপকরণাদি দ্বারা ৭টি ল্যাব সুসজ্জিত করতে হবে।
 ৭. নীতিমালা অনুযায়ী ভর্তির ক্ষেত্রে ও অধ্যয়নরত শিক্ষার্থীর জন্য ৫% মেধাবৃত্তি ও গরীব শিক্ষার্থীদের আর্থিক সুযোগ-সুবিধা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
 ৮. সরকারি ভর্তি নীতিমালা অনুসরণে ১০% পুরুষ শিক্ষার্থী ভর্তির বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ২। বর্ণিত কোর্সসমূহে সংশ্লিষ্ট পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি এবং প্রচলিত নিয়মানুযায়ী বাংলাদেশ নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন গ্রহণ করতে হবে।


(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

অধ্যক্ষ

প্রস্তাবিত রংপুর কমিউনিটি নার্সিং কলেজ
মেডিকেল পূর্বগেট, ধাপ
রংপুর